

যুগান্তর

জেএসসি-জেডিসির মঙ্গলবারের পরীক্ষাও পেছাল

প্রকাশ : ১০ নভেম্বর ২০১৯, ১৭:২৮ | অনলাইন সংস্করণ

 যুগান্তর রিপোর্ট



পরীক্ষা। ফাইল ছবি

ঘূর্ণিঝড় ‘বুলবুল’-এর কারণে আগামী মঙ্গলবারের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষাও পেছানো হয়েছে।

পরিবর্তিত সময়সূচি অনুযায়ী, মঙ্গলবারের জেএসসি পরীক্ষা অনুষ্ঠিত হবে বৃহস্পতিবার সকাল ১০টায় এবং জেডিসি পরীক্ষা শুক্রবার সকাল ৯টায়।

বিষয়টি নিশ্চিত করেছেন ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ডের

চেয়ারম্যান মু. জিয়াউল হক ও মাদ্রাসা শিক্ষাবোর্ডের চেয়ারম্যান কায়সার আহমেদ।

এর আগে গতকাল শনিবারের জেএসসি ও জেডিসি পরীক্ষা পেছানো হয়। শনিবারের জেএসসির গণিত পরীক্ষা হওয়ার কথা ছিল ১২ নভেম্বর।

এছাড়া গত ১১ নভেম্বরের জেএসসি-জেডিসি পরীক্ষাও পেছানো হয়। ১১ নভেম্বরের জেএসসি পরীক্ষাটি অনুষ্ঠিত হবে ১৩ নভেম্বর এবং জেডিসি পরীক্ষাটি হবে ১৬ নভেম্বর।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।